আমাদের সংস্কৃতির অসীম অহংকার
একুশ
পশ্চিম উপকূলের বাংলা পত্রিকা
Bangla Newspaper From West Coast

Scientific and Technical Awards

Scientific and Engineering Awards (Academy Plaque)

If an achievement has had a definite influence on the advancement of the industry, it may qualify for a Scientific and Engineering Award (a bronze tablet with the name of the award in raised lettering, and a representation of the Oscar statuette in bas relief to one side of the plaque). Affixed to the base is a plate engraved with a description of the achievement and the names of the contributors.



To Dr. Doug Roble, Nafees Bin Zafar and Ryo Sakaguchi for the development of the fluid simulation system at Digital Domain.

Fifth Row (left to right): Dr. Jeroen Molemaker, Jos Stam, Ryo Sakaguchi, Nafees Bin Zafar (Bangladesh). Pic: Oscar Academy

State of California Propositions

Proposition 91. Transportation Funds -- State of California (Initiative Constitutional Amendment - Majority Approval Required)
Fail: 3,062,220 / 41.6% Yes votes ..... 4,293,684 / 58.4% No votes
Prohibits certain motor vehicle fuel taxes from being retained in General Fund and delays repayment of such taxes previously retained. Changes how and when General Fund borrowing of certain transportation funds is allowed.

Proposition 92. Community Colleges. Funding. Governance. Fees -- State of California (Initiative Constitutional Amendment and Statute - Majority Approval Required)
Fail: 3,203,461 / 42.4% Yes votes ..... 4,347,260 / 57.6% No votes
Establishes independent community college districts and Board of Governors. Requires minimum funding for schools and community colleges to be calculated separately. Sets fees at $15/unit and limits future increases.

Proposition 93. Limits on Legislators' Terms in Office -- State of California (Initiative Constitutional Amendment - Majority Approval Required)
Fail: 3,535,101 / 46.3% Yes votes ..... 4,100,049 / 53.7% No votes
Reduces permissible state legislative service to 12 years. Allows 12 years' service in one house. Current legislators can serve 12 years in current house, regardless of prior legislative service.

Proposition 94-95-96-97. Amendment to Indian Gaming Compact -- State of California (Referendum - Majority Approval Required)
Pass: Avg. 55.7% Yes votes ..... 3,427,689 / Avg. 44.3% No votes
"Yes" Vote approves, and "No" Vote rejects, a law that ratifies an amendment to existing gaming compact between the state and Sycuan Band of the Kumeyaay Nation, Pechanga Band of Luiseño Mission, Morongo Band of Mission , Agua Caliente Band of Cahuilla Indian.

Dr. Zainul Abedin, the current Chairman of SBA RegFair Board Region IX conducted two hearings in US SBA's Region IX in San Francisco & Las Vegas. Pic: Ekush

South Asian Network & other Community Organizations successfully host a Koreatown housing legal clinic

On Wednesday, January 23rd, South Asian Network (SAN), as a part of the new Koreatown Tenant's Defense Network, held their first "Housing Legal Clinic." The clinic is free of charge and comes at a crucial time for South Asian community members, as well as many other low-income residents of Koreatown. There is currently a housing crisis in Koreatown. Many tenants who have lived in their apartment buildings for ten years or more deal with the fear of being forced out of their homes. Additionally, many tenants are experiencing illegal rent increases, unfair evictions, as well as live in unhealthy and dangerous conditions. SAN feels it is important to provide information to tenants regarding their rights.

These legal clinics are in response to the housing crisis that many Bangladeshi community members have been facing in Koreatown. community members gather for SAN's legal Clinic. Pic: Ekush

Despite the heavy rains on the night of the clinic, 29 residents showed up to the SAN Koreatown Office to seek legal assistance, including South Asian community members. Eleven attorneys from the Legal Aid Foundation of Los Angeles, Eviction Defense Network, and other law offices provided information to tenants. With volunteer translators available speaking Bangla, Hindi, Korean, Spanish, and Urdu, the office was buzzing with people. Residents seeking assistance completed an initial intake form and then met individually with an attorney. Many had questions regarding unreturned security deposits, section eight housing, harmful living conditions and rent control. Organizers felt the event was a great success and look forward to the next few clinics.

The clinic on January 23rd was the first of three clinics planned for the beginning of this year. We invite the community to join us at our next two: **Sunday, February 24th, 3:00 pm to 6:00 pm** at the Koreatown Youth and Community Center office (3727 W. 6th St. #300 Los Angeles, CA 90020) and **March 19th, 6:00 pm to 8:30pm** at the SAN Koreatown Office (3465 W. 8th St. Los Angeles, CA 90005.

এবার একুশে বই মেলায় অনাবাসী লেখকদের বই

মাহবুব মোর্শেদ (একুশের বিশেষ প্রতিনিধি)

অনাবাসী শব্দটা আমার কাছে নতুন। ভারতীয় পত্র-পত্রিকাগুলোতে এনআরআই কথাটা মাঝে মাঝেই চোখে পড়তো। একদিন খোঁজ নিয়ে দেখলাম এর বিস্তারিত মানে হলো : নন রেসিডেন্ট ইনডিয়ান। ভারতের বাইরের ভারতীয়। খুব ইন্টারেস্টিং একটা ধারণা। এর আগে অবশ্য আরও ইন্টারেস্টিং ডায়াসপোরা কথাটার সঙ্গে পরিচয় হয়েছিল। বাংলাদেশের লোকজন যারা বিদেশে থাকেন তাদের ধর্ম বর্ণ গোত্র নির্বিশেষে ▶পৃ..৬.

ইউএস স্ট্যাম্প ▶পৃ...৩

ইন্টারন্যাশনাল মাদার্স ল্যাংগুয়েজ ডে

বিশ্বের বাজারে জ্বালানি তেলের দাম আবারো রেকর্ড পরিমাণ বেড়েছে

বিশ্বের বাজারে জ্বালানি তেলের দাম আবারো রেকর্ড পরিমাণ বেড়েছে। গতকাল জ্বালানি তেলের দাম ১০১ দশমিক ৩২ ডলারে ওঠে। দিনের শেষে তেলের ব্যারেলপ্রতি দাম ছিল ১০০ দশমিক ৭৪ ডলার, যা যে কোনো সময়ের তুলনায় সর্বোচ্চ। আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দামও রেকর্ড পরিমাণ বেড়েছে। গতকাল নিউইয়র্কে মার্কেন্টাইল এক্সচেঞ্জে প্রতি আউন্স ৮ ডলার বেড়ে ৯৩৭ দশমিক ৮০ ডলারে বিকিদ্ধ হয়। এছাড়াও বেড়েছে প্লাটিনাম ও সয়াবিনের দাম। জানা যায়, মার্কিন যুক্তরাষ্ট্রের চলমান অর্থনৈতিক মন্দার কারণে রফতানিকারক দেশগুলোর সংস্থা ওপেক কম পরিমাণে তেল উত্তোলন করতে পারে–এ আশঙ্কার কারণে তেলের দাম রেকর্ড পরিমাণ বেড়েছে। বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন, জ্বালানি তেলের দাম বৃদ্ধির ফলে মূল্যস্ফীতিকে উসকে দিতে পারে। অন্যদিকে বিনিয়োগকারীরা স্বর্ণের প্রতি অধিক হারে ঝুঁকে পড়ার কারণে গতকাল স্বর্ণের দাম রেকর্ড পরিমাণ বেড়ে যায়, যা গত ৩০ বছরের ইতিহাসে সর্বোচ্চ। বিশেষজ্ঞদের মতে, আফ্রিদ্ধকার বৃহত্তম তেল উৎপাদনকারী দেশ নাইজেরিয়ার বর্তমান অস্থিরতাও অন্য দেশগুলোতে তেলের বাজার অস্থির হয়ে উঠেছে এবং এজন্য গত কয়েকদিন ধরে তেলের দাম বেড়ে চলেছে। জানা যায়, যুক্তরাষ্ট্রের মন্দা অবস্থার কারণে তেল রফতানিকারক দেশগুলোর সংস্থা ওপেক তেল উত্তোলনের পরিমাণ কমাতে পারে। আগামী ৫ মার্চ ওপেকের নেতাদের বৈঠক অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে ওপেকের সভাপতি বলেছেন, তেলের উৎপাদন বাড়ানো হচ্ছে না বরং কমানো বা বর্তমান অবস্থার মতো স্থিতিশীল রাখা হতে পারে। এসব কারণে ধারণা করা হচ্ছে সামনে তেলের দাম আরো বাড়বে। এর আগে গত মঙ্গলবার নিউইয়র্কে অপরিশোধিত প্রতি ব্যারেল জ্বালানি তেলের দাম বেড়ে ১১০ দশমিক ১০ ডলার পযন্ত ওঠে, যা আগের দিনের চেয়ে প্রায় সাড়ে ৪ ডলারের মতো বেশি। দিনের শেষে প্রতি ব্যারেল কেনাবেচা হয় ১০০ দশমিক ০১ ডলারে। এর আগে সোমবার বিশ্ববাজারে মার্চ মাসের আগাম কেনাবেচা হয় প্রতি ব্যারেল ৯৫ দশমিক ৬৭ ডলারে। আগামী এপ্রিলে যে তেল সরবরাহ করা হবে তা ব্যারেলপ্রতি ৯৪ দশমিক ৮৯ ডলার কেনাবেচা হয়।

উল্লেখ্য, চলতি ২০০৮ সালের শুরু থেকেই অপরিশোধিত তেলের দাম বেড়ে প্রতি ব্যারেল ১০০ ডলারে ওঠার রেকর্ড হয়। ২০০৭ সালে আন্তর্জাতিক বাজারে জ্বালনি তেলের দাম ৫৮ শতাংশ বেড়েছে। এটা গত একদশকের মধ্যে কোনো এক বছরে তেলের দাম বাড়ার সর্বোচ্চ রেকর্ড। অন্যদিকে গত জানুয়ারিতে স্বর্ণের দাম প্রতি আউন্স ৯০০ ডলারের কাছাকাছি ওঠানামা করলেও গতকাল তা বেড়ে দাঁড়িয়েছে ৯৩৭ ডলারের উপরে। যুক্তরাষ্ট্রের সাব-প্রইম ঋণের ফলে সৃদ্ধ মন্দা, ডলারের মূল্য কমে যাওয়া এবং মূল্যস্ফীতির কারণে স্বর্ণের দাম বেড়েছে।

পোস্টারে বেনজির নওয়াজ শরীফ পারভেজ মোশাররফ

বেনজিরের পিপিপি ও নওয়াজ শরীফের পিএমএল'র কোয়ালিশনের সম্ভাবনা

।। একুশ ডেস্ক ।।

পাকিস্তানের পার্লামেন্ট নির্বাচনে প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের সমর্থিত দল পিএমএল-কিউ এবং তার মিত্ররা শোচনীয় পরাজয় বরণ করেছে। সোমবার অনুষ্ঠিত এই নির্বাচনে বেসরকারি হিসেবে কোন দল এককভাবে সরকার গঠনের মতো আসন লাভ করতে পারেনি। সাবেক প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর দল পাকিস্তান পিপলস পার্টি মোট ৮৭ আসন নিয়ে শীর্ষে আছে। আর ৬৬ আসন নিয়ে দ্বিতীয় অবস্থানে আছে মোশাররফের ঘোর বিরোধী সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের পিএমএল-এন। সরকারি দল মোশাররফপন্থি পিএমএল-কিউ মাত্র ৩৮ আসন নিয়ে তৃতীয় অবস্থানে আছে। এমনকি দলটির প্রধান চৌধুরী হোসেইনও প্রতিদ্বন্দ্বীর নিকট পরাজিত হয়েছেন। এছাড়া এমকিউএম ১০টি এবং স্বতন্ত্র প্রার্থীরা ২৭টি আসন পেয়েছে। সোমবার একই সাথে জাতীয় ও প্রাদেশিক পরিষদে নির্বাচন অনুষ্ঠিত হয় যা পাকিস্তানের ইতিহাসে প্রথম। মোশাররফপন্থি দল পিএমএল-কিউ এই পরাজয় মেনে নিয়েছে। পারভেজ মোশাররফ সব পক্ষকে এই ফলাফল মেনে নেয়ার আহ্বান জানিয়ে বলেছেন, বিজয়ীরাই সরকার গঠন করবে।

গত ২১শে ফেব্রুয়ারী কোয়ালিশন নিয়ে আলোচনার জন্য পাকিস্তান পিপলস পার্টির কো-চেয়ারম্যান আসিফ আলী জারদারি ও পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজের প্রধান নওয়াজ শরিফ লাহোরে এক বৈঠকে মিলিত হন। তাদের এই বৈঠককে সরকার গঠনের আলোচনার আনুষ্ঠানিক সূচনা হিসেবেই বিবেচনা করা হচ্ছে। বিশেস্নষকরা মনে করছেন, এই আলোচনা কয়েক দিন স্থায়ী হতে পারে। যদিও ইতোমধ্যেই সুইস আদালতে জারদারির বিরুদ্ধে দুর্নীতির মামলা আবারো চালু করার আবেদন জানিয়েছেন পাকিস্তানের রাষ্ট্রপক্ষের আইনজীবীরা। ▶পৃ..৮.

আরকার কলামের কথা

প্রধান সম্পাদকের ডেস্ক থেকে

বছর শেষে একুশ পত্রিকার বিভিন্ন বিভাগগুলি বিশ্লেষণ শেষে কিভাবে আরো আকর্ষণীয় করা যায় তা নিয়ে ভাবনা চিন্তা করা হয়। কাজী রহমানের এ বছরের লেখা 'আরকার কলাম'-এর রচনাগুলি পর্যালোচনা করে অনেক কাছে থেকে দেখা গেল, এ কলামের লেখাগুলির প্রতিটাই স্থানীয় প্রবাসী এবং তাদেরই জন্য লেখা বিভিন্ন জরুরী ইস্যুতে। কলামটির বিশেষত্ব ; এটি সময়োচিত, সুলিখিত, তথ্যপূর্ণ, উপকারী, প্রয়োজনীয় ও অকুণ্ঠ প্রশংসার দাবীদার। সব সময়ই লেখা হয় সমষ্টিগত ইস্যুতে, কখনই ব্যক্তিগত নয়। লেখা হয়েছে প্রতিনিয়ত চাহিদার দিকে নজর রেখে যা স্থানীয় এবং কমিউনিটির উপকারের স্বার্থে। বিভিন্ন ইস্যুভিত্তিক লেখায় একদিকে যেমন এসেছে সরকারী বেনিফিট, ফ্রি ডাক্তার, ফ্রি ইন্সুরেন্স, ফুড ষ্ট্যাম্প, আনএমপ্লমেন্ট, মেডিকেল, উইক ইত্যাদি। অন্যদিকে অতি গুরুত্বপূর্ণ ইমিগ্রেশনের ধর পাকড় ও মুক্তি, রাজনৈতিক বা আশ্রয়, গাড়ী ও জীবন বীমা ইত্যাদি।

প্রবাসে বাংলাদেশের সক্রিয় রাজনীতি করা না করা নিয়ে গভীর তথ্যমূলক রচনা ও দিক নির্দেশনা এই কলামেই প্রথম দেখা গেছে ▶পৃ...৮

আমাদের দরকার নিজস্ব ব্র্যান্ডের সত্যিকারের গণতন্ত্র : -সেনাপ্রধান



'নির্বাচিত সংকলন' বইয়ের মোড়ক উন্মোচন

কাগজ প্রতিবেদক : বাংলাদেশের জন্য 'নিজস্ব ব্র্যান্ডের গণতন্ত্র' দরকার প্রবলে মন্তব্য করে সেনাপ্রধান জেনারেল মইন উ আহমেদ বলেছেন, আমরা যে ধরনের গণতান্ত্রিক ব্যবস্থার সঙ্গে গত ১৫ বছর ধরে পরিচিত তা এ দেশের অগ্রগতি ও টেকসই উন্নয়নের জন্য সঠিকভাবে কাজ করছে না। তিনি বলেন, 'ওয়েস্টমিনিস্টার' ধাঁচের গণতান্ত্রিক ব্যবস্থায় প্রধানমন্ত্রী যে কোনো মন্ত্রীর সমতুল্য হলেও আমাদের দেশে প্রধানমন্ত্রী এককভাবে সমস্ত ক্ষমতা ধারণ করে থাকেন। তাই আমাদের দরকার এমন এক ধরনের ▶পৃ..৮.

পার্লামেন্ট ইলেকশনে প্রার্থী খরচ করতে পারবেন ১৫ লাখ টাকা

হারুন আল রশীদ

ইলেকশন কমিশন (ইসি) দ্বিতীয় দফা সংলাপের জন্য প্রস্তাবিত নির্বাচনী আইনের খসড়া চূড়ান্ত করেছে। এতে বলা হয়েছে, একজন প্রার্থীর সর্বোচ্চ নির্বাচনী ব্যয় সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার ভোটার সংখ্যার ভিত্তিতে মাথাপিছু হারে নির্ধারণ করা হবে। তবে কোনোভাবেই খরচ ১৫ লাখ টাকার বেশি হবে না। প্রস্তাবিত আইনের এ খসড়া রাজনৈতিক দলগুলোর কাছে ইতিমধ্যেই পাঠানো হয়েছে।

২৪ ফেব্রুয়ারি থেকে ইসির দ্বিতীয় দফা সংলাপ শুরু হবে। শেষ হবে ২৮ ফেব্রুয়ারি। প্রস্তাবে বলা হয়েছে, মাথাপিছু ভোটার সংখ্যার ভিত্তিতে নির্বাচনী এলাকার প্রার্থীর নির্বাচনী ব্যয় নির্ধারণ করা হবে। যা সরকারি গেজেট প্রজ্ঞাপনে প্রকাশ করা হবে।

পার্লামেন্ট ইলেকশনে প্রার্থীর যোগ্যতার ক্ষেত্রে বলা হয়েছে, প্রার্থীকে অবশ্যই কোনো নির্বাচনী এলাকায় ভোটার হিসেবে তালিকাভুক্ত হতে হবে। অযোগ্যতার ক্ষেত্রে বলা হয়েছে, কেউ জাতীয় বা আন্তর্জাতিক আদালত বা ট্রাইবুনাল কর্তৃক যুদ্ধ অপরাধী হিসেবে দণ্ডিত হলে প্রার্থী হতে পারবেন না। প্রার্থী প্রজাতন্ত্রের বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের বা প্রতিরক্ষা কর্ম বিভাগের কোনো চাকরি থেকে পদত্যাগ করলে কিংবা অবসরে গেলে বা বরখাস্ত, অপসারণ বা বাধ্যতা-মূলকভাবে অবসরে গেলে, ওই ধরনের পদত্যাগ, অবসর কিংবা অপসারণের পর ৩ বছর পার না হলে ইলেকশনে প্রার্থী হতে পারবেন না। বিদেশি রাষ্ট্র থেকে অনুদান বা তহবিল গ্রহণকারী বেসরকারি সংস্থার কার্যনির্বাহী কিংবা কর্মচারী পদে কর্মরত আছেন, অথবা এ ধরনের পদ থেকে পদত্যাগ কিংবা অবসর গ্রহণ করেছেন কিংবা পদচ্যুত হয়েছেন এবং ওই ধরনের পদত্যাগ, অবসর কিংবা পদচ্যুতির পর ৩ বছর পার না হলে কেউ প্রার্থী হতে পারবেন না। ৩ বছর কোনো নিবন্ধিত রাজনৈতিক দলের সদস্য পদ না থাকলেও প্রার্থী হওয়া যাবে না। ব্যক্তিগতভাবে বা কোনো কম্পানির চেয়ারম্যান বা পরিচালক হিসেবে বা কোনো ফার্মের অংশীদার হিসেবে বা এমপি হিসেবে বা কোনো সিটি কর্পরেশনের মেয়র বা ওয়ার্ড কমিশনার হিসেবে কিংবা উপজেলা অথবা পৌরসভার চেয়ারম্যান হিসেবে প্রদেয় টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্য কোনো সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধের ক্ষেত্রে মনোয়নপত্র দাখিলের তিন মাস বা তার বেশি সময় আগে খেলাপি হিসেবে নোটিশ পেলে প্রার্থী হওয়া যাবে না।

কোনো ব্যক্তি একই সময়ে তিনটির বেশি আসনে প্রার্থী হতে পারবেন না। যদি কেউ তিনটির বেশি আসনে প্রার্থী হন, তা হলে তার সব মনোনয়নপত্র বাতিল হয়ে যাবে। প্রার্থী তথ্য বিবরণীতে কোনো ভুল তথ্য পরিবেশন বা গুরুত্বপূর্ণ তথ্য গোপন করার ঘটনা পরবর্তী সময়ে উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট আসনের ইলেকশন বাতিল বলে ঘোষণা করা হবে। রাজনৈতিক দলের নিবন্ধনের ক্ষেত্রে বলা হয়েছে, ইসি একই নামে একাধিক রাজনৈতিক দলকে নিবন্ধন দেবে না। যদি দরখাস্তকারী প্রত্যেক দলের নামের সঙ্গে এমন কোনো শব্দ যুক্ত থাকে, যাতে এক দলকে অন্য দল থেকে পৃথকভাবে চিহ্নিত করা যায়, সেক্ষেত্রে সব দলকেই নিবন্ধন দেয়া হবে।

নিবন্ধনের উল্লেখযোগ্য শর্ত হলো, স্বাধীনতার পর থেকে দরখাস্ত করার দিন পর্যন্ত সময় মধ্যে অনুষ্ঠিত পার্লামেন্ট ইলেকশনে কমপক্ষে একটি সিট পেতে হবে। অথবা ওই সব ইলেকশনের যে কোনো একটিতে আবেদনকারী দলকে ১ পারসেন্ট ভোট পেতে হবে, অথবা দেশের এক-তৃতীয়াংশ জেলায় সাংগঠনিক কাঠামো থাকতে হবে। কেন্দ্রীয় কমিটিসহ সব পর্যায়ের কমিটির কমপক্ষে ৩৩ পারসেন্ট পদ নারী সদস্যদের জন্য সংরক্ষিত থাকতে হবে এবং তা পর্যায়ক্রমে আগামী ২০২০ সালের মধ্যে কার্যকর করতে হবে। এছাড়া দেশ ও দেশের বাইরে অঙ্গ সংগঠন ও পেশাজীবী সংগঠন নিষিদ্ধ থাকবে।

সব রাষ্ট্রীয় দায়িত্ব ছেড়ে দিচ্ছেন ক্যাস্ট্রো :

বিপ্লবীর মৃত্যু নেই

২০০৮-০২-২১ : কিউবার প্রেসিডেন্ট ফিদেল ক্যাস্ট্রো ১৮ ফেব্রুয়ারি সব রাষ্ট্রীয় দায়িত্ব থেকে অবসর নেয়ার ঘোষণা দিয়ে চমকে দিয়েছেন গোটা দুনিয়াকে।

সরকারিভাবে প্রচারিত এ ঘোষণা থেকে জানা যায়, এ বছরের শেষ নাগাদ প্রেসিডেন্ট হিসেবে ক্যাস্ট্রোর চলতি মেয়াদ শেষে তিনি আর এ পদে থাকছেন না। তিনি পরিষ্কারভাবে জানিয়েছেন, অসুস্থ শরীর নিয়ে সর্বোচ্চ রাষ্ট্রীয় দায়িত্ব সার্বক্ষণিকভাবে পালন করা তার পক্ষে সম্ভব নয়। আসলে,বছর দুই আগে পাকস্থলির রক্তক্ষরণে গুরুতর অসুস্থ হওয়ার পর থেকে ফিদেল ক্যাস্ট্রো আর পুরোপুরি সুস্থ-স্বাভাবিক জীবন ফিরে পাননি। এর মধ্যে একাধিকবার তার শরীরে জটিল অস্ত্রোপচার হয়েছে। তিনি মারা গেছেন বলে গুজব ছড়িয়েছে। কিন্তু শত্রুর মুখে ছাই দিয়ে তিনি এখন পযন্ত মৃত্যুকে দূরে সরিয়ে রাখতে পেরেছেন। অবশ্য এভাবে বেঁচে থাকা গেলেও রাষ্ট্র পরিচালনা যে সম্ভব নয়, এ সত্য উপলব্ধি করে একজন যথার্থ বিপ্লবীর যোগ্য সিদ্ধান্ত নিয়েই তিনি ক্ষমতার শীর্ষ পদ থেকে সরে দাঁড়াচ্ছেন। নিজের অবসর ঘোষণার শেষ বাক্যে ক্যাস্ট্রো বলেছেন, 'আজ গোটা দেশ পরিণত হয়েছে এক বিশাল বিশ্ববিদ্যালয়ে। বিপ্লব অব্যাহত থাকবে।' এ ধরনের উক্তি ফিদেলের কণ্ঠেই মানায়।

১৯৬১ সালে সশস্ত্র বিপ্লবের মাধ্যমে স্বৈরাচারী বাতিস্তার সরকারকে উচ্ছেদ করে কিউবার একচ্ছত্র নেতা হিসেবে ফিদেল ক্যাস্ট্রোর আবির্ভাব। এর আগে ফিদেলের নেতৃত্বে কিউবার কমিউনিস্ট পার্টি ১৯৫৩ সালে বাতিস্তাকে উৎখাতের চেষ্টা করেছিল। সে বিপ্লব ব্যর্থ হয়। ফিদেল ক্যাস্ট্রোকে গ্রেফতার করে নিয়ে আসা হয় মনকাডা দুর্গে। সেখানে বিচারে তাকে দোষী সাব্যস্ত করে কারাদণ্ড দেয়া হয়েছিল। সেই বিচার চলাকালে আত্মপক্ষ সমর্থন করে ক্যাস্ট্রো বলেছিলেন, 'আমাকে দোষী সাব্যস্ত করতে পারেন, তাতে কিছু এসে যায় না। ইতিহাস আমাকে মুক্তি দেবে।' ক্যাস্ট্রোর উক্তি বাস্তবে অদ্ভুতভাবে ফলে গিয়েছিল। সফল সশস্ত্র বিপ্লব তাকে শুধু মুক্তিই দেয়নি, ▶পৃ...৮

নিজামীর দাবী:

ইসলামী সংগঠন ও ব্যক্তিরাই ছিল ভাষা আন্দোলনের উদ্যোক্তা : নিজামী

জামায়াতে ইসলামীর আমির মাওলানা মতিউর রহমান নিজামী বলেছেন, মহান ভাষা আন্দোলন ছিল দেশের সব গণতান্ত্রিক আন্দোলনের মাইলফলক। এ আন্দোলন ছিল আমাদের মৌলিক মানবাধিকার রক্ষার আন্দোলন। এদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষা-সংস্কৃতি ও রাজনৈতিক অধিকার রক্ষার জন্যই এ আন্দোলন হয়েছিল। তিনি গতকাল জামায়াতে ইসলামীর উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও দোয়ার মাহফিলে এ কথা বলেন।

ভাষা আন্দোলনের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে মাওলানা নিজামী বলেন, ১৯৫২ সালের ভাষা আন্দোলন ছিল সার্বিক ও সার্বজনীন। ভাষা আন্দোলনের উদ্যোক্তা ছিল ইসলামী সংগঠন ও ইসলামী ব্যক্তিরাা। এ আন্দোলনে খেলাফতে রব্বানী পার্টি ও তমুদ্দুন মজলিসের নেতা অধ্যক্ষ আবুল কাসেম, মাওলানা আকরম খাঁ ও তার দৈনিক আজাদ এবং তৎকালীন ডাকসু জিএস ও তমুদ্দুন মজলিসের নিবেদিতপ্রাণ কর্মী অধ্যাপক গোলাম আযমের ভূমিকাই ছিল উল্লেখযোগ্য। ভাষা আন্দোলনে নেতৃত্ব দেয়ার পাশাপাশি অধ্যক্ষ আবুল কাসেম বাংলা কলেজ প্রতিষ্ঠা করে বাংলা ভাষাকে সব ক্ষেত্রে প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছিলেন। অধ্যাপক গোলাম আযম বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা প্রদানের দাবিসংবলিত স্মারকলিপি পাঠ করেছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানের সামনে। ভাষা আন্দোলনে ইসলামী আন্দোলন ও ইসলামী ব্যক্তিদের ভূমিকাই ছিল অগ্রণী।

মাওলানা নিজামী আরো বলেন, আমাদের নিজস্ব ভাষা-সংস্কৃতি যাতে হারিয়ে না যায় সেদিকে সবার সতর্ক দৃষ্টি রাখতে হবে। বাংলা ভাষায় ব্যাপকভাবে কোরআন-হাদিস ও ইসলামী সাহিত্য চর্চার মাধ্যমে বাংলা ভাষাকে সমৃদ্ধ করতে হবে। আলী আহসান মোহাম্মদ মুজাহিদ বলেন, ভাষা আন্দোলনে ইসলামের পক্ষের শক্তির ভূমিকাই ছিল প্রধান। মাতৃভাষার রাষ্ট্রীয় মর্যাদার দাবিতে ইসলামী সংগঠন ও ইসলামী ব্যক্তিরা যে ভূমিকা পালন করেছেন জাতি আজ তাদের জন্য গর্বিত।

একুশটিউব-এ নতুন সংযোজন মারি টক শো

'এইতো আমরা'

'মামুন' তোমার এই সুন্দর শিল্পকর্ম যেন ঈশ্বরের সন্তুষ্টির জন্যে হয়।

-'মাদার তেরেসা, ১৯৮৬'

শিল্পী মামুনের শিল্পকর্মে ফুটে উঠেছে বিশ্বের শান্তির প্রতীক। তোমার শিল্পকর্ম সার্থক হোক।

- হাউয়ার্ড বি শেফার্ড, ১৯৮৪, মার্কিন রাষ্ট্রদূত।

তোমারে টিভিতে দেখি, কার্টুন পত্রিকায় এডিটর, তারপর আবার চিত্রালীতে দেখলাম। তুমি সিনেমায় নামছো। মিঞা যে কোন একটা কাজ করো। তোমার প্রতিভা আছে, তুমি ভালো করবা।

- রনবী।

তোমার কার্টুনে, আমাকে অনুকরণ করে টিভিতে অভিনয় এবং আমাকে ব্যঙ্গোক্তি করা আমাকে আনন্দ দেয়

- ফজলে লোহানী।

আমাদের টিভি প্রযোজকদের কুকর্মের কার্টুন এঁকেছো বলে আমরা টিভি প্রযোজক সমিতি তোমাকে এক মাসের জন্যে অভিনয় থেকে বরখাস্ত করলাম

- ম হামিদ / আবদুল্লাহ আল মামুন, ১৯৮৪।

▶পৃ..৭

অস্কার জয়ী ডিরেক্টরের নতুন ছবির জন্য অভিনেতা/অভিনেত্রী চাই

ছাত্র অস্কার জয়ী ফিল্ম ডিরেক্টর, মাকসুদ হোসাইন (থ্রি বিউটিস) ও হলিউডের মিডিয়া ব্যক্তিত্ব প্রডিওসার জাহান হাসান তাদের নতুন ছবি ''দেশে বাইরে'' এর জন্য বাংলাদেশী কিংবা বাংলাদেশী-আমেরিকান অভিনেতা / অভিনেত্রী খুঁজছেন।

নিম্নে ''দেশে বাইরে'' ছবিটির গল্প সংক্ষেপ এবং গল্পের চরিত্রের বর্ণনা পড়ে যদি আপনার মনে আলোড়নের সৃষ্টি হয়, তাহলে শীঘ্রই যোগাযোগ করুন makhossain@hotmail.com অথবা (৩১০) ২৫৯ ৫২১০, jahan@ekush.info (৮১৮)৯৮১ ৩৮৭৬।

গল্প সংক্ষেপ ঃ

২৬ বছরের বাংলাদেশী রমণী বর্ষা তার প্রাক্তন আফ্রিকান-আমেরিকান বয়ফ্রেন্ড চাদকে নিয়ে যখন লস এঞ্জেলেসের একটি বাংলাদেশী রেস্টুরেন্টে খেতে যায় তখন চাদ প্রথমবারের মতো অনুভব করে আফ্রিকান-আমেরিকানদের জন্য ট্র্যাডিশনাল বাংলাদেশী সমাজের তীব্র ঘৃণা। রেস্টুরেন্টে অবস্থানরত অন্যান্য কাস্টমাররা

▶পৃ...৭

একুশ মানে : বাংলা বলার প্রতিশ্রুতি
একুশ মানে : বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে : সত্য জয়ের অধিকার
একুশ মানে : সরাসরি কথা বলা
একুশ মানে : দেশের প্রতি নিঃশর্ত ভালোবাসা
একুশ মানে : নন্দিত মনের সুন্দর ভুবন

একুশ নিউজ মিডিয়া
Ekush News Media
6362-302 Hollywood Blvd, Hollywood, CA 90028
Phone:: (818) 941 3876 / (213) 925 4652
Fax (877) 226-4524

বাংলাদেশের জন্যে স্পেশাল সুবিধা
B-Z TRAVEL
10610 Venice Blvd.,
Culver city, CA 90232
Fax: (310) 839-5069
E-Mail: bztravel@sbcglobal.net
Visit us at: www.bztravel.net
আমরা বাংলায় কথা বলি
DISCOUNTED RATES WORLDWIDE
CST#2069881-40
SPECIALIZED IN LAST MINUTE BOOKING, LOW FARES AVAILABLE ORIGINATING INDIA,
LOW AND DISCOUNTED FARES TO
INDIA BANGLADESH BURMA PAKISTAN
MIDDLE-EAST EUROPE AND MANY MORE DESTINATIONS
Call: (310) 839-5070 1800-980-BZBZ(2929) outside LA only